



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন সকল উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, পরীক্ষা এবং শিক্ষা সংক্রান্ত কাজের জন্য যে সকল শিক্ষকগণের তথ্যাদি OTP তে অন্তর্ভুক্ত করা হয়েছে, তাঁদের নামের তালিকা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ওয়েবসাইটের জনবল মেন্যুতে দেয়া হয়েছে। সদ্য যোগদানকৃত শিক্ষকবৃন্দের তথ্য OTP তে অন্তর্ভুক্তি ও ইতোপূর্বে অন্তর্ভুক্ত শিক্ষকবৃন্দের তথ্য সংশোধন, সংযোজন, বিয়োজন এবং সংশ্লিষ্ট শিক্ষকের ই-মেইল, ডাচ বাংলা ব্যাংকে মোবাইল একাউন্ট খুলে তার নম্বর, আগামী ২০/০৩/২০১৬ তারিখের মধ্যে OTP তে এন্ট্রি করার জন্য অনুরোধ করা হ'ল। ডাচ বাংলা ব্যাংকের মোবাইল একাউন্ট নম্বর OTP তে এন্ট্রি/সংযোজন না করলে পারিশ্রমিক/সম্মানী প্রদান করা সম্ভব হবে না।

অধ্যক্ষ OTP তে নির্ভুল তথ্য upload করার বিষয় নিশ্চিত করবেন। যে কোন ভুল তথ্যের জন্য প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষক যৌথভাবে দায়ী থাকবেন।

বিষয়টি অতীব জরুরী।

বিঃ দ্রঃ শিক্ষকগণের তথ্য সংযোজন, সংশোধন বা বিয়োজন করার নিয়মাবলী :

www.jessoreboard.gov.bd তে Login করে OEMS বাটনে ক্লিক করে OEMS LOGIN page এ Login Type এর OTP সিলেক্ট করে অভিন্ন Techer ID ও Password দেয়ার পরে প্রতিষ্ঠান প্রধান বা সংশ্লিষ্ট শিক্ষক তার Personal Information, Educational Information ও Experience Update করার সুযোগ পাবেন।

যে সকল শিক্ষক অবসরপ্রাপ্ত বা মৃত্যুবরণ করেছেন তাদের তথ্যাদি সংশ্লিষ্ট কলেজের জনবল থেকে বিয়োজন করতে হবে। অন্যত্র যোগদান করে থাকলে পুরাতন কর্মস্থলের জনবল থেকে তথ্যাদি বিয়োজন করে নতুন কর্মস্থলে তথ্যাদি upload করতে হবে।

** সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি Password এর গোপনীয়তা রক্ষা করবেন।

(মাধব চন্দ্র রয়)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোন : ০৪২১-০৬৮৬৬৬

মোবাইল : ০১৭৩৩-২২২০০৩

ই-মেইল: Controller@jessoreboard.gov.bd

তারিখ : ০৫/০৩/২০১৬ খ্রি:

স্মারক নং- পনি/উমা/বিজ্ঞপ্তি/৭৭৯

কার্যার্থে :

অধ্যক্ষ

অত্র বোর্ডের আওতাধীন সকল কলেজ/ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।